৩১/৭/২০০৩

ভোরের কাগজ

তারিখ ……

পৃষ্ঠা …… কলাম ……

# দারিদ্র্য দূরীকরণের সাক্ষরতা ও উপানুষ্ঠানিক শিক্ষা শীর্ষক কর্মশালা শুরু

'দারিদ্র্য দূরীকরণে সাক্ষরতা এবং উপানুষ্ঠানিক শিক্ষা' শীর্ষক ৩ দিনের এক প্রশিক্ষণ কর্মশালা গত রোববার ঢাকায় শুরু হয়েছে। শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, যুব ও ক্রীড়া, এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা এ এস এম শাহজাহান কর্মশালার উদ্বোধন করেন।

বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সহায়তায় জাতিসংঘের ঢাকাস্থ ইউনেস্কো কার্যালয় এ কর্মশালার আয়োজন করেছে। কর্মশালায় বাংলাদেশসহ ভারত, মালদ্বীপ, পাকিস্তান ও শ্রীলঙ্কার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব এস ইউ এম জহিরুল ইসলাম এবং বাংলাদেশস্থ ইউনেস্কো প্রতিনিধি আনসার আলী খান উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উদ্বোধনী বক্তৃতায় উপদেষ্টা এ এস এম শাহজাহান বলেন, বাংলাদেশ সরকার আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য দূরীকরণ এবং মানব সম্পদ উন্নয়নে শিক্ষাকে যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করেই শিক্ষা খাতে জাতীয় বাজেটের প্রায় ১৫ ভাগ বরাদ্দ প্রদান করেছে। তিনি বলেন, শিক্ষা খাতে সরকারের অগ্রাধিকার দেওয়ার ফলেই ইতিমধ্যেই দেশে সাক্ষরতার হার ৬৫ ভাগ অতিক্রম করেছে। উপদেষ্টা বলেন, উপানুষ্ঠানিক শিক্ষা দেশব্যাপী সম্প্রসারণের মাধ্যমে নিরক্ষর জনগণকে সাক্ষর করে দেশের সত্যিকার মানব সম্পদে পরিণত করা সম্ভব।

পরে শিক্ষা উপদেষ্টা প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সম্মেলনকক্ষে আয়োজিত বিভাগীয় কমিশনারদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক মাসিক পর্যালোচনা সভায় বক্তৃতা করেন। সরকারের সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচিকে জোরদার করার জন্য বিভাগীয় কমিশনারদের প্রতি শিক্ষা উপদেষ্টা আহ্বান জানান।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব এস ইউ এম জহিরুল ইসলাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক সালেহ মতিন, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এ এস এম আবদুল হালিম, বিভাগীয় কমিশনারগণ এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগীয় উর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।